



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/27/2020

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

HIV/এইডস অ্যান্টিভিস্ট ল্যারি ক্রেমারের প্রয়াণে গভর্নর অ্যান্ড্রু এম. কুওমোর বিবৃতি

ল্যারি ক্রেমারের এই মৃত্যুতে আমি গভীরভাবে শোকাহত, তিনি এমন একজন মহান নিউ ইয়র্কের বাসিন্দা যিনি HIV/এইডস রোগের প্রতি জাতির প্রতিক্রিয়াকে একটি শক্তিশালী রূপ দিতে সাহায্য করেছেন।

যে সময়ে কেন্দ্রীয় সরকার একটি রোগের কথা অস্বীকার করে পঙ্গু হয়ে বসে ছিল, যে রোগটি গোটা LGBTQ প্রজন্মের মানুষদেরকে ধ্বংস করছিল, ল্যারি ক্রেমার সে সময়ে ছিল নিষ্ঠীক, আপোসহীন, নিরলস এবং সরব -- এই সকল বৈশিষ্ট্য এই রোগকে একটি সর্বজনীন স্বাস্থ্য সংকট হিসেবে প্রতিক্রিয়া জানাতে বাধ্য করে।

তিনি ছিলেন "এই যুদ্ধে লড়াই করা অন্যতম এক জন" - নিউ ইয়র্কের কঠিন সময়ে যখন আমরা বিভিন্ন মহামারির মাঝে আছি তখন তিনি আমাদের প্রতীক ছিলেন। তিনি জরুরি পদক্ষেপ গ্রহণের দাবি করেছেন এবং তার কাজের কারণে অসংখ্য মানুষ আজ বেঁচে আছেন, আর এটা সকলের পক্ষে কাজ যারা উদাসীনতা মেনে নিতে অস্বীকৃতি জানায়।

নিউ ইয়র্কের পরিবারের পক্ষ থেকে, আজ ল্যারির প্রিয়জনদের কাছে আমার সমবেদনা প্রকাশ করছি, বিশেষ করে তাঁর স্বামী ডেভিডকে সমবেদনা জ্ঞাপন করছি। আমরা তাকে মিস করব, তাকে স্মরণ করব।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)

